অন্যান্য

পঙ্গু হাসপাতালে সাংবাদিকদের হেনস্তা, ক্যামেরা ভাঙার চেষ্টা

নিজস্ব প্রতিবেদক

০৬ অক্টোবর ২০২৬, ০৪:৪১ পিএম

ছবি: সংগৃহীত

ADVERTISEMENT

রাজধানীর জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (পঙ্গু হাসপাতাল) চিকিৎসকের হাতে সাংবাদিকদের হেনস্থা ও ক্যামেরা ভাঙচুরের চেষ্টার ঘটনা ঘটেছে।

মঙ্গলবার (৬ অক্টোবর) হাসপাতালটিতে সংবাদ সংগ্রহ করতে গেলে এমন ঘটনা ঘটে।এ সময় কর্তব্যরত কয়েকজন চিকিৎসক স্টার নিউজের রিপোর্টার মো. সাহানুর ইসলাম ও ভিডিও জার্নালিস্ট কাজী জুয়েলের সঙ্গে অশোভন আচরণ করেন বলে অভিযোগ।

ভুক্তভোগী সাংবাদিকদের অভিযোগ, 'অটোরিকশা দুর্ঘটনায় আহত হয়ে বরণ করতে হচ্ছে পঙ্গুত্ব'– এ সংক্রান্ত সংবাদের তথ্য সংগ্রহ করতে গেলে তাদের সঙ্গে ওই ঘটনা ঘটে। এ সময় তাদেরকে 'অকথ্য ভাষায়' গালিগালাজ করা হয়। একপর্যায়ে তাদের মোবাইল ফোন কেড়ে নেয়া হয় এবং শারীরিকভাবে হেনস্তা করা হয়। এ সময় টিভি চ্যানেলের ক্যামেরা ভেঙ্গে ফেলার চেষ্টাসহ আনসার সদস্যদের ডেকে সাংবাদিকদের হাসপাতাল থেকে বের করে দেয়া হয়। তবে তাৎক্ষণিকভাবে হেনস্থাকারী চিকিৎসকদের পরিচয় পাওয়া যায়নি।

ভুক্তভোগী সাংবাদিকদের দাবি, হাসপাতালের পরিচালকের অনুমতি নিয়েই তারা তথ্য সংগ্রহে গিয়েছিলেন। তবে কর্তব্যরত চিকিৎসকেরা বলেন, মৌখিক অনুমতি যথেষ্ট নয়; লিখিত অনুমতি নিতে হবে।

ভিডিও:

পঙ্গু হাসপাতালে সংবাদ সংগ্রহে বাধা, কেড়ে নেয়া হয় মোবাইল ফোন

1.9K 463 361

অনলাইন জরিপ

নীতিমালার আওতায় ঢাকা শহরে ব্যাটারিচালিত অটোরিকশা চলাচলের অনুমতি দেওয়া হবে বলে মন্তব্য করেছেন সড়কমন্ত্রী শেখ রবিউল আলম। আপনি কি তার মন্তব্যের সঙ্গে একমত?

হ্যাঁ	৩১.৬%
না (সর্বাধিক)	৬৮.৪%
মন্তব্য নেই	0%

ধন্যবাদ। আপনার ভোট গ্রহণ করা হয়েছে।

ADVERTISEMENT

সর্বশেষ | সর্বাধিক পঠিত

যান্ত্রিক ত্রুটির কারণে বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন পুরোপুরি বন্ধ

পাকুন্দিয়ায় একদিনে শিয়াল-কুকুর ও বিড়ালের কামড়ে আহত ৯

ঢাবি সাংবাদিকদের ওপর হামলা: পাঁচ মাস পর জমা পড়লো তদন্ত প্রতিবেদন

বাংলাদেশি সাংবাদিক | সরকারি হাসপাতাল | সাংবাদিক | সাংবাদিকতা | সাংবাদিকের ওপর হামলা | হাসপাতাল

ঢাবি সাংবাদিকদের ওপর হামলা: পাঁচ মাস পর জমা পড়লো তদন্ত প্রতিবেদন

মিডওয়াইফের ৯১৪ পদে নিয়োগের প্রস্তাব স্বাস্থ্য মন্ত্রণালয়ের

ডেঙ্গুতে এক দিনে সর্বোচ্চ মৃত্যু

ডেঙ্গু পরিস্থিতি সামাল দিতে হাসপাতালে শয্যা বাড়ানোর নির্দেশ

সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সাফল্য উদযাপনে ‘স্বপ্ন সারথী’র সংবর্ধনা

ঢাকা কেন্দ্রীয় কারাগারে কয়েদির মৃত্যু

২২ জেলায় হচ্ছে ‘শিশু স্বর্গ’: স্বাস্থ্য প্রতিমন্ত্রী

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৮০ কর্মকর্তাকে বিদ্যালয় পরিদর্শনের নির্দেশ

ADVERTISEMENT

দেশ-বিদেশের সংবাদ নির্ভুল ও বস্তুনিষ্ঠভাবে প্রকাশ করে স্টার নিউজ। সাংবাদিকতার নীতি মেনে সংবাদ সংগ্রহ ও প্রচারে বিশ্বাসী আমরা। এতে কোনো দল, গোষ্ঠী বা মতবাদের প্রতি পক্ষপাত করা হয় না। থাকে, মত-দ্বিমতের স্বাধীনতা। খবরের ভেতরের খবর ও বিশ্লেষণে সর্বোচ্চ উৎকর্ষতা বজায় রাখার চেষ্টা করে স্টার নিউজ।

QR

গুরুত্বপূর্ণ

- প্রথম পাতা
- রাজনীতি
- বিনোদন
- সব খেলা

আরও...

- লাইফস্টাইল
- মতামত
- ধর্ম
- প্রযুক্তি

- আমাদের সম্পর্কে
- শর্তাবলী
- যোগাযোগ করুন
- বিজ্ঞাপন এর জন্য যোগাযোগ

Star News © 2026, All rights reserved. Developed by **Star News**

Privacy policy Terms of use Cookie & Consent Policy